দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 FEB 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# ইসলামী বিশ্ববিদ্যালয় খোলার দাবিতে মানববন্ধন

■ ভ্রাম্যমাণ প্রতিনিধি

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় খোলার দাবিতে মানববন্ধন ও মৌন মিছিল করেছে শিক্ষার্থীরা। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের পরিবহন হরতাল অবরোধের আওতামুক্ত রাখার দাবি জানানো হয়। মঙ্গলবার সকালে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঝিনাইদহ শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড থেকে একটি মৌন মিছিল বের করে। শহরের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে পোস্ট অফিস মোড়ে এসে মানববন্ধনে মিলিত হয়। ঘন্টাব্যাপী অনুষ্ঠিত মানববন্ধনে শিক্ষার্থী বিপ্লব সরকার, অসীম বিশ্বাস, তনা রায়, ইসমত আফরিন প্রমুখ বক্তব্য রাখেন।

মানববন্ধনে বক্তারা বলেন, গত ২ মাসের অধিক সময় বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় আমাদের শিক্ষা কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। তার উপর হরতাল অবরোধ আরো জটিলতা সৃষ্টি করেছে। এমতাবস্থায় আগামী ৫ দিনের মধ্যে ইসলামী বিশ্ববিদ্যালয় খোলা ও বিশ্ববিদ্যালয় পরিবহন হরতাল-অবরোধের আওতামুক্ত করার দাবি জানান তারা। ৫ দিনের মধ্যে পরিস্থিতি স্বাভাবিক না হলে অনশনের হুমকি প্রদান করে শিক্ষার্থীরা।